গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি প্রফুল্ল চন্দ্র (পি.সি.) কলেজ, বাগেরহাট

EIIN: 114830, Website :https://pc.college.gov.bd, Email: pccollege1918@gmail.com, pccollegepr@yahoo.com, College Phone : 02477752920

নং- ১৪১

তারিখ : ০৮/১১/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

সরকারি প্রফুল্ল চন্দ্র (পি.সি.) কলেজ-এর শিক্ষার্থী, শিক্ষক, কর্মচারী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কলেজ ক্যাম্পাসের সার্বিক শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সমগ্র ক্যাম্পাস এলাকা সিসি (CCTV) ক্যামেরার আওতাভুক্ত করা হয়েছে।

সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, ক্যাম্পাসের বিভিন্ন দেয়ালে, বিভিন্ন উন্মুক্ত স্থানে অনিয়মতান্ত্রিকভাবে পোষ্টার, ব্যানার এবং লিফলেট লাগানোর ফলে কলেজের স্বাভাবিক ও দৃষ্টিনন্দন পরিবেশ ব্যাহত হচ্ছে। একই সাথে সিসি ক্যামেরার ফুটেজ ধারণে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে এবং হলরুমে ও ক্লাসরুমের জানালার গ্লাস চুরি হয়েছে যা স্বাভাবিক শিক্ষা পরিবেশকে বাঁধাগ্রস্থ করছে।

এমতাবস্থায়, কলেজের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ সুরক্ষা, সিসি ক্যামেরার স্পষ্ট ফুটেজ ধারণ নিশ্চিতকরণ এবং সার্বিক নিরাপত্তা ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে কলেজ ক্যাম্পাসে সকল ধরনের পোষ্টার, ব্যানারও লিফলেট লাগানো অথবা ব্যবহার করা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

একটি পরিচ্ছন্ন ও নিরাপদ ক্যাম্পাস গঠনে সকলের আন্তরিক সহযোগিতা কাম্য।

০৮/১১/২০২৬

অধ্যক্ষ
সরকারি প্রফুল্ল চন্দ্র (পি.সি.) কলেজ, বাগেরহাট

প্রফেসর মিসেস শারমীন আক্তার
অধ্যক্ষ
আইডি নং-১৭২১
সরকারি প্রফুল্ল চন্দ্র (পি.সি.) কলেজ, বাগেরহাট

০৮/১১/২৬

C:\Users\Pc Collage\Desktop\notice.docx